

কঠোর পরিশ্রম এবং নিবেদিত প্রাণ প্রচেষ্টায় এই পর্যন্ত এসে পৌঁছানোর জন্য আপনাদের সবাইকে অভিনন্দন! আপনারা যখন গ্র্যাজুয়েশনের পথে অগ্রসর হচ্ছেন, তখন শুধু জেনে রাখুন যে আপনাকে একটি বলিষ্ঠ সূচনা প্রদান করা হয়েছে, এতে অন্তর্ভুক্ত বাস্তব-বিশ্বের দক্ষতা ও অভিজ্ঞতার সাথে সমন্বিত শিক্ষায়তনিক উৎকর্ষের ভিত্তি, কলেজ ও ক্যারিয়ারের পথে অগ্রযাত্রা, এবং একটি শক্তিশালী পরিকল্পনা।

এখনই উজ্জ্বল ভবিষ্যতের পথের পরবর্তী পদক্ষেপসমূহ নিন।

আপনি যখন আপনার কলেজের বিকল্পগুলো বিবেচনা করছেন, আমরা আপনাকে জানাতে চাই যে স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক-এ (SUNY) আপনার জন্য একটি আসন রয়েছে। প্রকৃতপক্ষে, আপনি 7-টি সাতশরী, উচ্চ-মানসম্পন্ন SUNY ক্যাম্পাসে বিনামূল্যে আবেদন করার যোগ্য হতে পারেন।

স্টেটের প্রতিটি অঞ্চলে 64-টি SUNY ক্যাম্পাস ছড়িয়ে-ছিটিয়ে আছে, এবং আপনি রীতিমত যা কিছু অধ্যয়ন করতে চান সেজন্য রয়েছে 7,500 ডিগ্রি এবং সার্টিফিকেট প্রোগ্রাম। উদাহরণস্বরূপ:

ক্যারিয়ারের ক্ষেত্র:	ফোকাস:	SUNY স্কুল:
টেকনোলজি (প্রযুক্তি)	কম্পিউটার ইনস্টলেশন/রিপেয়ার	নাসাউ কমিউনিটি কলেজ*
	সাইবারসিকিউরিটি	ইউনিভার্সিটি অ্যাট আলবানি**
বিজনেস অ্যান্ড ফাইন্যান্স (ব্যবসা ও অর্থ ব্যবস্থাপনা)	অ্যাকাউন্টিং	সাফোক কাউন্টি কমিউনিটি কলেজ*
	বিজনেস	SUNY ওল্ড ওয়েস্টবারি**
এডুকেশন (শিক্ষা)	টিচিং	SUNY কোর্টল্যান্ড**
	টিচিং	SUNY নিউ পালজ**
খ্রিন ক্যারিয়ার (পরিবেশ সংরক্ষণ বিষয়ক পেশা)	সাসটেইনেবিলিটি স্টাডিজ	মনরো কমিউনিটি কলেজ*
	এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং	কলেজ অফ এনভায়রনমেন্ট, সায়েন্স অ্যান্ড ফরেস্ট্রি**
হেলথ কেয়ার (স্বাস্থ্য সেবা)	রেসপিরেটরি থেরাপি	ওয়েস্টার্ন কমিউনিটি কলেজ*
	নার্সিং	SUNY ফার্মিংডেল** / SUNY ডেলি**

\* দুই-বছর

\*\* চার-বছর

এবং আরো অনেক কিছু [www.suny.edu/NYCWaiver](http://www.suny.edu/NYCWaiver)

যেহেতু বহু বিকল্প রয়েছে, আপনার জন্য কোনগুলো সবচেয়ে ভালো হবে সেই সিদ্ধান্ত গ্রহণে সহায়তা নেয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার পথ-পরিক্রমার সবগুলো বিকল্প নিয়ে আলোচনার জন্য আজই আপনার স্কুল কাউন্সিলারের সাথে যোগাযোগ করুন। NYC পাবলিক স্কুলের শিক্ষার্থীদের বাড়তি সহায়তার জন্য প্রতি মঙ্গলবার - শুক্রবার, 5pm - 8pm পর্যন্ত সময়ে **নেক্সট স্টেপস্ অ্যাডভাইজিং** (পরবর্তী ধাপসমূহ সম্পর্কে পরামর্শ) লভ্য আছে। এই প্ল্যাটফর্মে শিক্ষার্থীরা আবেদন করতে এবং হাই স্কুল পরবর্তী জীবনের জন্য একটি ব্যক্তিগতকৃত পরিকল্পনা তৈরি করতে প্রশিক্ষিত NYC পাবলিক হাই স্কুলের কাউন্সিলর ও অ্যাডভাইজারদের কাছ থেকে টেক্সট মেসেজে বা জুম (Zoom)-এর মাধ্যমে সরাসরি এককভাবে (1:1) সহায়তা পেতে সক্ষম। তথ্য পেতে এবং যোগাযোগ বজায় রাখতে সাইন আপ করুন: [www.pathways.fyi/NextSteps](http://www.pathways.fyi/NextSteps)

এছাড়াও আমরা নিশ্চিত করতে চাই যে আপনি শিক্ষাগত সুযোগের কর্মসূচি (এডুকেশন অপরচুনিটি প্রোগ্রাম, EOP) সম্পর্কে সচেতন আছেন, যা আপনাকে কলেজে সফল হতে সহায়তা করতে পারে। EOP শিক্ষায়তনিক সহায়তা ও পরামর্শ, বৈজ্ঞানিক পরামর্শ (কাউন্সেলিং), পেশাজীবন সংক্রান্ত পরামর্শ, টিউটরিং, স্কুল থেকে গ্র্যাজুয়েশনের প্রস্তুতি, বই ও টুইশন ছাড়া অন্যান্য খরচে আর্থিক সহায়তা, দীর্ঘায়িত NYS টিউশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (TAP)-এ যোগ্যতা ও উদ্দীপনাময় সমৃদ্ধির সুযোগ প্রদান করে। আমি যদি বিনামূল্যে ও হ্রাসকৃত মূল্যে লাঞ্চার যোগ্য হন, তবে আপনি আর্থিকভাবে EOP-এর জন্য যোগ্য হবার সম্ভাবনা আছে এবং আপনি শিক্ষায়তনিক যোগ্যতার শর্তাবলী পূরণ করেন কিনা তা দেখতে আপনার আবেদন করা উচিত। EOP সম্পর্কে আরও তথ্য [www.suny.edu/eop](http://www.suny.edu/eop) -এ পাওয়া যাবে

এছাড়াও SUNY এই বছর 25-টি কলেজে অত্যন্ত জনপ্রিয় ASAP এবং ACE প্রোগ্রামসমূহ চালু করবে। এই প্রোগ্রামগুলো থেকে দেখা গেছে যে এগুলো সময়মত ডিগ্রি সমাপ্তির হার উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করেছে এবং সুযোগের ঘাটতি হ্রাস করেছে। ASAP|ACE অন্যান্য অনেক সহায়তার পাশাপাশি টুইশন মওকুফ (ওয়েভার), যাতায়াত ও বই-পুস্তকের খরচ বহনের জন্য অর্থায়ন, ব্যক্তিগতকৃত বিশদ পরামর্শ, শিক্ষায়তনিক সহায়তা, এবং পেশাগত উন্নয়ন কার্যক্রম প্রদান করে। ASAP কিংবা ACE-এ অংশগ্রহণকারী ক্যাম্পাসগুলোর একটি তালিকার জন্য দেখুন: [www.suny.edu/asap-ace](http://www.suny.edu/asap-ace)

SUNY আপনার সফলতা এবং আমাদের সকল শিক্ষার্থীদের জন্য বিভিন্ন সুযোগ সম্প্রসারণ করতে অঙ্গীকারবদ্ধ। SUNY-কে বিবেচনায় নিতে এবং আজই আবেদন করতে আমরা আপনাকে উৎসাহিত করছি:

[www.suny.edu/NYCWaiver](http://www.suny.edu/NYCWaiver)

আমরা আশা করছি আপনাদের সিনিয়র বছরটি ফলপ্রসূ হবে এবং হেমন্তে (ফল-এ) আপনাকে একটি চমৎকার কলেজ ক্যাম্পাসে দেখার প্রত্যাশা করছি!

আন্তরিকভাবে,

জন বি. কিং (John B. King), Jr., J.D., Ed.D.  
চ্যান্সেলর, স্টেট ইউনিভার্সিটি অভ নিউ ইয়র্ক

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)  
চ্যান্সেলর, NYC পাবলিক স্কুলস্